নং. 21.1

<u>এক্সিকিউটিভ</u> <u>অর্ডার</u>

**নিউ ইয়র্ক স্টেটে পোলিও ক্রমাগতভাবে ছড়িয়ে পড়ার কারণে স্টেটব্যাপী ঘোষিত দুর্যোগকালীন জরুরি অবস্থা অব্যাহত রাখা**

**এটা বিবেচনা করে যে,** প্যারালাইটিক পোলিওর একটি কেস, জুলাই 21, 2022-এ, রকল্যান্ড কাউন্টির এমন একজন টিকাকরণ না হওয়া বাসিন্দার মধ্যে শনাক্ত করা হয়েছিল, যিনি পোলিওর ইনকিউবেশন সময়কালে কোনো আন্তর্জাতিক ভ্রমণ করেন নি;

**এটা বিবেচনা করে যে,** যে পোলিওভাইরাসটি রকল্যান্ড কাউন্টির ব্যক্তিকে সংক্রামিত করেছিল সেটিকে ভ্যাকসিন থেকে উদ্‌ভূত পোলিওভাইরাস হিসাবে চিহ্নিত করা হয়েছে, যার সর্বশেষটি 1990 সালে নিউইয়র্কে সনাক্ত করা হয়েছিল;

**যেহেতু,** 2022 সালের এপ্রিল, মে, জুন, জুলাই, আগস্ট, ও সেপ্টেম্বর মাসে কিংস, নাসাউ, অরেঞ্জ, কুইন্স, রকল্যান্ড ও সালিভান কাউন্টিতে সংগৃহীত বর্জ্যপানির নমুনাগুলোতে জীনগতভাবে সম্পর্কিত পোলিও ভাইরাস পাওয়া গেছে;

**এটা বিবেচনা করে যে,** 1979 সালে মার্কিন যুক্তরাষ্ট্রে পোলিও নির্মূল বলে ঘোষণা করা হয়েছিল, প্রাথমিকভাবে পোলিওর বিরুদ্ধে উচ্চ টিকাকরণ হারের কারণে;

**এটা বিবেচনা করে যে,** কোভিড-19 অতিমারী ব্যাপী সব বয়স জুড়ে পোলিওর বিরুদ্ধে রুটিন টিকাকরণ হার কমেছে এবং টিকা নিয়ে দ্বিধা বেড়েছে;

**যেহেতু,** নিউ ইয়র্কে 2 বছর বয়সী শিশুদের মধ্যে পোলিও বিরোধী টিকা প্রদানের হার 79% এবং কয়েকটি কাউন্টি ও জিপ কোডের এলাকায় এর চাইতে উল্লেখযোগ্য পরিমাণে কম রয়েছে;

**এটা বিবেচনা করে যে,** স্থানীয় স্বাস্থ্য বিভাগ সক্রিয়ভাবে তদন্ত সমর্থন, যোগাযোগ সনাক্তকরণ এবং পর্যবেক্ষণ, উন্মুক্ত পরিচিতির এবং কেন্দ্রিত বর্তমান উচ্চ-ঝুঁকিপূর্ণ জনসংখ্যার জন্য টিকা প্রশাসন এবং শিক্ষা ও প্রচারের মাধ্যমে পোলিওভাইরাস প্রাদুর্ভাবের প্রতিক্রিয়া জানাচ্ছে;

**এটা বিবেচনা করে যে,** স্টেট সরকারকে অবশ্যই মিউনিসিপ্যালিটি, এলাকাসমূহ এবং কাউন্টিগুলিকে পোলিওভাইরাসের জন্য টিকা ও পরীক্ষার সুবিধা প্রদান এবং পরিচালনার করার জন্য তাদের প্রচেষ্টায় এবং এই রোগের বিস্তার রোধ করার জন্য সমর্থন করতে হবে;

**সুতরাং, এখন,** আমি, ক্যাথি হোকল, নিউ ইয়র্ক স্টেটের গভর্নর, নিউ ইয়র্ক স্টেটের সংবিধান এবং আইন অনুযায়ী আমার উপর অর্পিত কর্তৃত্ববলে, এই মর্মে নির্বাহী আদেশ 21 এ বর্ণিত স্টেটজুড়ে দুর্যোগজনিত জরুরি অবস্থার মেয়াদ সম্প্রসারণ করছি, এবং সেখানে বর্ণিত মেয়াদ, শর্ত, ও স্থগিতাদেশ 8 নভেম্বর, 2022 তারিখ পর্যন্ত বহাল রাখছি; এবং

**অধিকন্তু,**, নির্বাহী আইনের ধারা 2-B এর সেকশন 29-a অনুযায়ী, স্টেটব্যাপী দুর্যোগজনিত জরুরি অবস্থা চলাকালীন সময়ে, কোনো সংস্থার কোনো আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধান, বা বিধিমালা মেনে চলা যদি দুর্যোগকালীন জরুরি পরিস্থিতির সাথে মানিয়ে নেয়ার জন্য প্রয়োজনীয় পদক্ষেপগুলোকে প্রতিরোধ করে, বাধাগ্রস্ত করে, অথবা বিলম্বিত করে, অথবা যদি সেই দুর্যোগের সাথে মানিয়ে নিতে সহায়তা করার জন্য আবশ্যক হয়, তাহলে উক্ত আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধান, বা বিধিমালা, অথবা এর অংশবিশেষ সাময়িকভাবে স্থগিত বা পরিবর্তন

করার জন্য আমার উপর অর্পিত কর্তৃত্ববলে, আমি এই মর্মে এই নির্বাহী আদেশের তারিখ থেকে 8 নভেম্বর, 2022 তারিখ পর্যন্ত নিম্নলিখিতগুলো সাময়িকভাবে স্থগিত বা পরিবর্তন করছি:

- নির্বাহী আদেশ 21-এ থাকা জনস্বাস্থ্য আইনের ধারা 3001-এর উপশাখা 6 ও 7, ধারা 800.3 এর উপশাখা (o) ও (p), এবং NYCRR এর শিরোনাম 10 এর ধারা 800.15 এর অস্থায়ী পরিবর্তন, যেটিতে এখন পর্যন্ত এতটুকু করা হয়েছিল যা স্বাস্থ্য বিভাগের পূর্ব অনুমোদন নিয়ে কমিউনিটি প্যারামেডিসিন পরিষেবা প্রদানকারী সার্টিফাইড ইমার্জেন্সি মেডিকেল টেকনিশিয়ান-প্যারামেডিক এবং অ্যাডভান্সড EMS সেবা প্রদানকারীদেরকে পোলিও ভাইরাসের টিকা প্রদান করার অনুমোদন দিয়েছিল, তা সার্টিফাইড ইমার্জেন্সি মেডিকেল টেকনিশিয়ান-প্যারামেডিক এবং অ্যাডভান্সড EMS সেবা প্রদানকারীদেরকে টিটেনাস, পার্টুসিস, হেপাটাইটিস বি, ও Hib টিকা সহ পোলিও ভাইরাসের টিকা প্রদানের জন্যেও অনুমোদন প্রদানের জন্য অপরিহার্য ব্যাপ্তি পর্যন্ত আরো পরিবর্তন করা হয়েছে;

- নির্বাহী আদেশ 21-এ থাকা শিক্ষা আইনের ধারা 6951, এবং NYCRR-এর শিরোনাম 8-এর ধারা 79-5.5 এর অস্থায়ী পরিবর্তন, যেটিতে এখন পর্যন্ত এতটুকু করা হয়েছিল যা সুনির্দিষ্টভাবে রোগীদের জন্য নয় এমন আদেশ অনুযায়ী লাইসেন্সপ্রাপ্ত চিকিৎসক, লাইসেন্সপ্রাপ্ত সহকারী চিকিৎসক, অথবা সার্টিফাইড নার্স প্র্যাক্টিশনারের তত্ত্বাবধানে যেকোনো রোগীকে পোলিও ভাইরাসের টিকা প্রদান করার জন্য মিডওয়াইফদের অনুমোদন দিয়েছিল, তা মিডওয়াইফদেরকে টিটেনাস, পার্টুসিস, হেপাটাইটিস বি, ও Hib টিকা সহ পোলিও ভাইরাসের টিকা প্রদানের জন্যেও অনুমোদন প্রদানের জন্য অপরিহার্য ব্যাপ্তি পর্যন্ত আরো পরিবর্তন করা হয়েছে;

- নির্বাহী আদেশ 21-এ থাকা শিক্ষা আইনের ধারা 6801 এর উপশাখা 2 এবং NYCRR এর শিরোনাম 8 এর ধারা 63.9-এর অস্থায়ী পরিবর্তন, যেটিতে এখন পর্যন্ত এতটুকু করা হয়েছিল যা সুনির্দিষ্টভাবে রোগীদের জন্য নয় এমন আদেশ অনুযায়ী ফার্মাসিস্টদেরকে পোলিও ভাইরাসের টিকা প্রদান করার অনুমোদন দিয়েছিল, তা ফার্মাসিস্টদেরকে রোগীর জন্য সুনির্দিষ্ট আদেশ অনুযায়ীও পোলিও ভাইরাসের টিকা প্রদানের অনুমতি প্রদানের জন্য অপরিহার্য ব্যাপ্তি পর্যন্ত এবং ফার্মাসিস্টদেরকে রোগীদের জন্য নয় এমন সুনির্দিষ্ট আদেশ অনুযায়ী এবং রোগীদের জন্য সুনির্দিষ্ট আদেশ অনুযায়ী টিটেনাস, পার্টুসিস, হেপাটাইটিস বি, ও Hib টিকা সহ পোলিও ভাইরাসের টিকা প্রদানের জন্যেও অনুমোদন প্রদানের জন্য অপরিহার্য ব্যাপ্তি পর্যন্ত আরো পরিবর্তন করা হয়েছে; এবং

- নির্বাহী আদেশ 21-এ থাকা শিক্ষা আইনের ধারা 6527 এর উপশাখা 6, জনস্বাস্থ্য আইনের ধারা 6909 এর উপশাখা 4, এবং NYCRR এর শিরোনাম 8 এর ধারা 64.7-এর অস্থায়ী পরিবর্তন, যেটিতে এখন পর্যন্ত এতটুকু করা হয়েছিল যা চিকিৎসক এবং সার্টিফাইড নার্স প্র্যাক্টিশনারদেরকে আইন বা এই নির্বাহী আদেশ অনুযায়ী অনুমোদিত ব্যক্তিদেরকে পোলিও ভাইরাসের টিকা প্রদান করার ব্যাপারে সুনির্দিষ্টভাবে রোগীদের জন্য নয় এমন আদেশ জারি করার অনুমোদন দিয়েছিল, তা চিকিৎসক এবং সার্টিফাইড নার্স প্র্যাক্টিশনারদেরকে ডিপথেরিয়া, টিটেনাস, পার্টুসিস, হেপাটাইটিস বি, ও Hib টিকা সহ পোলিও ভাইরাসের টিকা প্রদানের জন্যেও সুনির্দিষ্টভাবে রোগীদের জন্য নয় এমন আদেশ জারি করার এবং লাইসেন্সপ্রাপ্ত ফার্মাসিস্টদেরকে ডিপথেরিয়া, টিটেনাস, পার্টুসিস, হেপাটাইটিস বি, ও Hib টিকা সহ পোলিও ভাইরাসের টিকা প্রদানের জন্য সুনির্দিষ্টভাবে রোগীদের জন্য নয় এমন আদেশ জারি করার জন্যেও অনুমোদন প্রদানের জন্য অপরিহার্য ব্যাপ্তি পর্যন্ত আরো পরিবর্তন করা হয়েছে।

এই দুই হাজার বাইশ সালের অক্টোবর মাসের
নয় তারিখে আলবানি সিটিতে আমার হাতে এবং
স্টেটের প্রাইভি সিলমোহর ব্যবহার করে৷

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব